Parmanent commity

# রাজবাড়ী পৌরসভা কার্যালয়
## রাজবাড়ী।

প্রাপক ঃ জনাব/ জনাবা ....................................................

.....................................................................ও

সদস্য, মৎস ও প্রানী সম্পদ বিষয়ক স্থায়ী কমিটি
রাজবাড়ী পৌরসভা।

বিষয় ঃ রাজবাড়ী পৌরসভার মৎস ও প্রানী সম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সভার আহবান প্রসংগে।

জনাব,

বর্নিত বিষয়ে রাজবাড়ী পৌরসভার মৎস ও প্রানী সম্পদ_বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যদের জানানো যাচ্ছে যে, জনাব, **মির্সেস ফারজানা আলম**, সভাপতি, মৎস ও প্রানী সম্পদ বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর, ১,২ও ৩ নং ওয়ার্ড রাজবাড়ী পৌরসভার এর সভাপতিত্বে আগামী **১০/০৯/২০২৩** খ্রীঃ তারিখ রবিবার, সকাল ঃ **১১-০০** টায় পৌরসভা **কার্যালয়ে** কমিটির সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থেকে আপনার মূল্যবান মতামত প্রদান সহ সার্বিক সহযোগীতা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

১। বিগত সভার কার্য-বিবরনী পাঠান্তে অনুমোদন।
২। চলতি ত্রৈমাসিক পৌর এলাকায় মৎস ও প্রানী সম্পদ বিষয়ক স্থায়ী কমিটি আলোচনা প্রসংগে।
৩। কোভিড-১৯, করোনা পরিস্থিতি প্রসংগে
৪। বিবিধ।

অনুরোধক্রমে

(মির্সেস ফারজানা আলম)
সভাপতি
মৎস ও প্রানী সম্পদ বিষয়ক স্থায়ী কমিটি ও
কাউন্সিলর,১,২ও ৩ নং সংরক্ষিত ওয়ার্ড
রাজবাড়ী পৌরসভা।

Parmanent commity

# রাজবাড়ী পৌরসভা কার্যালয়
## রাজবাড়ী।

১০/০৯/২০২৩ খ্রীঃ তারিখ রোজ রবিবার, সকাল- ১১ - ০০ টায় অনুষ্টিত পৌরসভার মৎস ও প্রাণী সম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিতির স্বাক্ষর।

| ক্রঃ | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব, মিসেস ফারজানা আলম | সভাপতি, মৎস ও প্রাণী সম্পদ বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর, ১,২ ও ৩ নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা। | |
| ০২ | ,, মোঃ আলমগীর শেখ তিতু | সদস্য, মৎস ও প্রাণী সম্পদ বিষয়ক স্থায়ী কমিটি ও সম্মানীত মেয়র, রাজবাড়ী পৌরসভা, | |
| ০৩ | ,, কাজী মাহতাব উদ্দিন (তৌহিদ) | সদস্য, মৎস ও প্রাণী সম্পদ বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা। | |
| ০৪ | ,, মোছাঃ মরিয়ম কাজী | সদস্য, মৎস ও প্রাণী সম্পদ বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর,৭,৮ও ৯ নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা। | |
| ০৫ | ,, মমতাজ বেগম | সদস্য, মৎস ও প্রাণী সম্পদ বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর ৪,৫ ও ৬ নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা। | |

Parmanent commity

# রাজবাড়ী পৌরসভা কার্যালয়,রাজবাড়ী।

## মৎস ও প্রানী সম্পদ বিষয়ক স্থায়ী সভার কার্যবিবরনী ঃ-

সভাপতি ঃ মির্সেস ফারজানা আলম

স্থান ঃ রাজবাড়ী পৌরসভা কার্যালয়, রাজবাড়ী।

তারিখ ও সময় ঃ ১০/০৯/২০২৩, রবিবার, সকাল ঃ ১১-০০ মিনিট

সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানীত সদস্য ও সহায়ক কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। মৎস ও প্রাণী বিষয় সম্পর্কে আলোচনা করার জন্য অনুরোধ জানিয়ে সভার কাজ শুরু করেন।

**আলোচ্য সূচী ঃ-**

০১। বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন ।

০২। মৎস প্রানী সম্পদ বিষয়ে আলোচনা ও সুপারিশ প্রনয়ন ।

০৩। বিবিধি।

| ক্রঃ | আলোচ্য সুচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | দায়িত্ব প্রাপ্ত ব্যাক্তি /কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কর্যবিবরনী পাঠ ও অনুমোদন। | সভার শুরুতে সভাপতি মহোদয় জনাব মির্সেস ফারজানা আলম বিগত সভার কার্যবিবরনী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় তাহা সর্বসম্মতীক্রমে অনুমোদিত হয়। | কার্যবিবরনী অনুমোদিত হল। | সহায়তাকারী |
| ০২ | মৎস ও প্রানী সম্পদ বিষয়ে সমস্যবলী নিয়ে আলোচনা ও সুপারিশ গ্রহন। | (খ) জনাব কাজী মাহতাব উদ্দিন তৌহিদ : সদস্য, মৎস ও প্রাণী সম্পদ বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিল ৫ নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা । পৌর এলাকায় ডেঙ্গু আক্রান্ত রুগির সংখ্যা বৃদ্ধি পেলেও এই রোগের কারনে মৃত্যুর খবর পাওয়া যায় নাই। তিনি বলেন আমাদেরকে সচেতন থাকতে হবে। সবাই যাতে স্বাস্থ্য বিধি মেনে চলে তার জন্য পৌরসভার পক্ষ হতে ব্যাপক প্রচারের ব্যবস্থা করতে হবে। তিনি বলেন তার ওয়ার্ডে মশার উপদ্রব ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। মশার কারনে দিনের বেলায় মশারি টাঙ্গাইয়া থাকতে হয়। কিন্তু পৌরসভার পক্ষ হতে তেমন কোন ব্যবস্থা গ্রহন করা হয় নাই। বিশেষ করে সরকারী হাসপাতাল, ব্যাংকপাড়া ড্রেনের অবস্থা খুবই খারাপ। আগে পৌরসভা হতে মশার ওষধ ছিটানো হতো। কিন্তু বর্তমানে পৌরসভা হতে কোন কার্যক্রম গ্রহন করা হয় না। তিনি জরুরী ভিত্তিতে ব্যবস্থা গ্রহন করার জন্য অনুরোধ করেন। তিনি আরও বলেন এই স্থায়ী কমিটির সভাগুলি সঠিকভাবে করা হয় না। যার কারনে আমাদের কাজের সঠিক মূল্যায়ন করা হয় না। তিনি বলেন প্রতি সভায় আলোচনা করা হয় এবং সিদ্ধান্ত গ্রহন করা হয় কিন্তু কাজ হয় না। তিনি আবারও বলেন কুকুরের উপদ্রব ব্যাপক ভাবে বৃদ্ধি পেয়েছে। কুকুরের অত্যাচারের মানুষ রাস্তায় বের হতে পারছে না। প্রতিটি সভায় কুকুর নিধনের জন্য অনুরোধ করছি কিন্তু কোন কাজ হয়নি। তাই তিনি পুনরায় কুকুর নিধন করার জন্য অনুরোধ জানিয়ে তার বক্তব্য শেষ করেন। | পৌর পরিষদে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহন করা হবে। | স্যানিটারী ইন্সপেক্টর |
| ক্রঃ | আলোচ্য সুচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | দায়িত্ব প্রাপ্ত |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | মৎস ও প্রাণী সম্পদ বিষয়ে সমস্যাবলী নিয়ে আলোচনা ও সুপারিশ গ্রহন। | (খ) জনাব, মমতাজ বেগম, সদস্য, মৎস ও প্রাণী সম্পদ বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর সংরক্ষিত ৪,৫ও ৬ নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা। তিনি বলেন পুনরায় বলেন এই কমিটির সভায় অনেক গুরুত্বপূর্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়। কিন্তু উক্ত সমস্যার কোন সমাধান করা হয় না। তিনি বলেন তার এলাকায় মশার উপদ্রব ব্যপকভাবে বৃদ্ধি পেয়েছে। রাতের বেলায় এমনকি দিনের বেলায় মানুষ মশার কামড়ে অতিষ্ঠ হয়ে পড়েছে। আগে কিছু দিন পর পর মশার ওষধ ছিটানো হতো কিন্তু দির্ঘ দিন যাবৎ মশার ওষধ দেওয়া হয় না। তাই তিনি অনুরোধ করেন তার এলাকায় বিশেষ করে বাংকপাড়া ও শ্রীপুর এলাকায় মশার ওষধ ছিটানোর জন্য। তিনি আরও বলেন তার এলাকায় কুকুরের উপদ্রব ব্যপক ভাবে বৃদ্ধি পেয়েছে কুকুরের অত্যাচারে মানুষ ঘর থেকে বের হতে ভয় পাচ্ছে। কুকুরের কামড়ে নাগরিকদের মধ্যে ভিতির কারন সৃষ্টি হয়েছে, তাই তিনি মেয়র মহোদয়কে পুনরায় অনুরোধ করেন কুকুর নিধন করার জন্য। তিনি আরও বলেন গত সভায় আলোচনা করেছিলেন হোসানাবাদ ও শ্রীপুর এলাকায় কয়েকটি বাড়ীতে ছোট ছোট মুরগীর ফার্ম রয়েছে। যার ফলে উক্ত এলাকায় মশা-মাছিসহ দূর্গন্ধের কারনে পরিবেশ দুষিত হচ্ছে। উক্ত মুরগির ফার্মের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন করার জন্য কিন্তু তাদের বিরুদ্ধে কোন রকম ব্যবস্থা গ্রহন করা হয় নাই। তাই তিনি মেয়র মহোদয়কে পুনরায় ব্যবস্থা গ্রহন করার অনুরোধ জানান এই সব অবৈধ মুরগীর ফার্মের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহনের জন্য। পরিশেষে সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য শেষ করেন।<br><br>(গ) জনাব মোছাঃ মরিয়ম কাজী, সদস্য, মৎস ও প্রাণী সম্পদ বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর (সংরক্ষিত) ৭,৮ও ৯ নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা। তিনি অভিযোগ করে বলেন এই সভায় অনেক গুরুত্বপূর্ন বিষয় নিয়ে আলোচনা করা হয় কিন্তু তার কোন সমাধান করা হয় না। তিনি অভিযোগ করে বলেন গত সভায় যে সব বিষয় নিয়ে আলোচনা করা হয়েছিল সেই সব বিষয়ের সমস্যাগুলি সমাধান করা হয় নাই। তিনি বলেন গত সভায় আলোচনা করে ছিলেন ভবানীপুর নতুন বাজার সংলগ্ন ভবানীপুর ০১ নং কবরস্থানে কবর দেওয়ার মত কোন জায়গা নাই। সেখানে অনেক কবর রয়েছে ১০/১৫ বছরের পূর্বে উক্ত কবরগুলির জায়গা ক্রয় করা হয় নাই কিন্তু তারা বাঁশের বেড়া দিয়ে বছরের পর বছর জায়গা দখল করে রেখেছে। তিনি বলেন উক্ত কবর গুলি বিষয়ে পৌর পরিষদে সিদ্ধান্ত নেওয়ার জন্য যাহাতে মানুষ কবর দিতে পারে। তিনি আরও বলেন তার ওয়ার্ডে মশার উপদ্রব ব্যাপক ভাবে বৃদ্ধি পেয়েছে তাই তিনি পুনরায় অনুরোধ করেন তার ওয়ার্ডে মশার ওষধ ছিটানোর জন্য। বিশেষ করে নতুন বাজার এলাকা ও পুলিশ লাইনের ভিতরে ও বাহিরে মশার উপদ্রব ব্যাপক বৃদ্ধি পেয়েছে। তাই তিনি মশার ওষধ ছিটানো অনুরোধ করে তার বক্তব্য শেষ করেন। | পৌর পরিষদে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহন করা হবে। | কর্মকর্তা স্যানিটারী ইন্সপেক্টর |

Parmanent commity

| ক্রঃ | আলোচ্য সুচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০৪ | মৎস ও প্রানী সম্পদ বিষয়ে সমস্যবলী নিয়ে আলোচনা ও সুপারিশ গ্রহন। | (ঙ) জনাব, মোঃ আলমগীর শেখ তিতু : সদস্য, মৎস ও প্রাণী সম্পদ বিষয়ক স্থায়ী কমিটি ও সম্মানীত মেয়র, রাজবাড়ী পৌরসভা আলোচনাপর্বে অংশগ্রহন করে সভায় উপস্থিত সকল সম্মানীত সদস্যদের স্বাগত জানিয়ে তার বক্তব্য শুরু করেন। তিনি বলেন যে আজকের এই সভায় অনেক গুরুত্বপূর্ন বিষয়ে আলোচনা করা হয়েছে। বিশেষ করে মশার উপদ্রব ব্যপকভাবে বৃদ্ধি পেয়েছে। তাই তিনি সম্মানীত কাউন্সিলরদের জানান যে, প্রতিটি ওয়ার্ডে মশক নিধন করার জন্য মশার ওষধ ছিটানোর কাজ জোরতার করা হবে। তিনি আরও বলেন প্রতিটি ওয়ার্ডে কুকুরের উপদ্রব ব্যপকভাবে বৃদ্ধি পেয়েছে। কুকুর নিধন করা খুবই জরুরী কিন্তু আমরা কুকুর নিধন করতে পারছি না। কারন কোর্টের নির্দেশের কারনে আমরা কুকুর নিধন করতে পারছি না। তবে তিনি বলেন এই বিষয়ে পৌর পরিষধের সিদ্ধান্ত মোতাবেক ব্যবস্থা গ্রহন করা হবে। তিনি আরও বলেন পৌরসভার অনেক ওয়ার্ডে ছোট ছোট অনেক মুরগির ফার্ম রয়েছে যে গুলির পৌরসভার কোন অনুমোদন নেওয়া হয় নাই। পৌরসভার মধ্যে কোন মুরগির ফার্ম করার জন্য পৌরসভার কোন অনুমোদন দেওয়া হয় না। তিনি বলেন এসব মুরুগির ফার্মের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন করার জন্য স্যানিটারী ইন্সপেকক্টকে পুনরায় নির্দেশ দেন। পরিশেষে সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য শেষ করেন। | পৌর পরিষদে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহন করা হবে। | স্যানিটারী ইন্সপেক্টর |

পরিশেষে সভাপতি মহোদয় সকল সদস্যকে সভায় উপস্থিত থাকার জন্য ধন্যবাদ জানান। এবং যে সব বিষয়ে আলোচনা করা হয়েছে উক্ত সমস্যগুলি সমাধানের জন্য মেয়র মহোদয়কে অনুরোধ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষনা করেন।

(মির্সেস ফারজানা আলম)
সভাপতি
মৎস ও প্রাণী সম্পদ বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ১,২ও ৩ নং সংরক্ষিত ওয়ার্ড
রাজবাড়ী পৌরসভা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যাথে ঃ -

১। জনাব.............................................
সদস্য, মৎস ও প্রানী সম্পদ বিষয়ক স্থায়ী কমিটি, রাজবাড়ী পৌরসভ

(মির্সেস ফারজানা আলম)
সভাপতি
মৎস ও প্রাণী সম্পদ বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ১,২ও ৩ নং সংরক্ষিত ওয়ার্ড
রাজবাড়ী পৌরসভা।

Parmanent commity

# রাজবাড়ী পৌরসভা কার্যালয়
## রাজবাড়ী।

প্রাপক ঃ জনাব/ জনাবা ....................................................

..................................................................ও

সদস্য, তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি
রাজবাড়ী পৌরসভা।

বিষয় ঃ রাজবাড়ী পৌরসভার তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভার আহবান প্রসংগে।

জনাব,

বর্নিত বিষয়ে রাজবাড়ী পৌরসভার তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যদের জানানো যাচ্ছে যে, জনাব, আঃ রব বিশ্বাস, সভাপতি, তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর, ০১ নং ওয়ার্ড রাজবাড়ী পৌরসভার এর সভাপতিত্বে আগামী ১২/০৯/২০২৩ খ্রীঃ তারিখ, মঙ্গলবার, সকাল ঃ ১১-০০ টায় পৌরসভা কার্যালয়ে কমিটির সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থেকে আপনার মূল্যবান মতামত প্রদান সহ সার্বিক সহযোগীতা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

১। বিগত সভার কার্য-বিবরনী পাঠান্তে অনুমোদন।
২। চলতি ত্রৈমাসিক পৌর এলাকায় তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি আলোচনা প্রসংগে।
৩। কোভিড-১৯, করোনা পরিস্থিতি প্রসংগে
৪। বিবিধ।

অনুরোধক্রমে

(আঃ রব বিশ্বাস)
সভাপতি
তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর,০১ নং ওয়ার্ড
রাজবাড়ী পৌরসভা।

Parmanent commity

# রাজবাড়ী পৌরসভা কার্যালয়
## রাজবাড়ী।

১২/০৯/২০২৩ খ্রীঃ তারিখ রোজ মঙ্গলবার, সকাল- ১১-০০ টায় অনুষ্ঠিত পৌরসভার তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিতির স্বাক্ষর।

| ক্র | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব, আঃ রব বিশ্বাস | সভাপতি, তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর, ০১ নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা। | [signature] |
| ০২ | ,, মোঃ আলমগীর শেখ তিতু | সদস্য, তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি ও সম্মানীত মেয়র, রাজবাড়ী পৌরসভা। | [signature] |
| ০৩ | ,, মির্সেস ফারজানা আলম | সদস্য, তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর, ১, ২ ও ৩ নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা। | [signature] |
| ০৪ | ,, মোছঃ মরিয়ম কাজী | সদস্য, তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর, ৭.৮ও ৯ নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা। | [signature] |
| ০৫ | ,, সাইফুদ্দিন আহমেদ সুজন | সদস্য, তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর, ০৩ নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা। | [signature] |

Parmanent commity

# রাজবাড়ী পৌরসভা কার্যালয়,রাজবাড়ী।

## তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরনী ঃ-

সভাপতি ঃ জনাব আঃ রব বিশ্বাস
স্থান ঃ রাজবাড়ী পৌরসভা কার্যালয়, রাজবাড়ী।
তারিখ ও সময় ঃ ১২/০৯/২০২৩, মঙ্গলবার, সকাল ঃ ১১-০০ টায়

সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানীত সদস্য ও সহায়ক কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি চলমান উন্নয়নমূলক কর্মকান্ড ও তথ্য ও সংস্কৃতি বিষয় সম্পর্কে আলোচনা করার জন্য অনুরোধ জানিয়ে তার বক্তব্য শেষ করেন।

আলোচ্য সুচী ঃ-

০১। বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন ।
০২। তথ্য ও সংস্কৃতি বিষয়ে আলোচনা ও সুপারিশ প্রনয়ন ।
০৩। বিবিধি।

| ক্রঃ | আলোচ্য সুচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | দায়িত্ব প্রাপ্ত ব্যাক্তি /কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কর্যবিবরনী পাঠ ও অনুমোদন। | সভার শুরুতে সভাপতি মহোদয় জনাব আঃ রব বিশ্বাস বিগত সভার কার্যবিবরনী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতীক্রমে অনুমোদিত হয়। | কার্যবিবরনী অনুমোদিত হল। | সহায়তাকারী |
| ০২ | তথ্য ও সংস্কৃতি বিষয়ে সমস্যবলী নিয়ে আলোচনা ও সুপারিশ গ্রহন। | (ক) জনাব মোছাঃ মরিয়ম কাজীঃ সদস্য, তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর (সংরক্ষিত) ৭,৮ও ৯ নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা । তিনি আলোচনাপর্বে অংশগ্রহন করে বলেন যে, বলেন স্থায়ী কমিটির সদস্য হিসাবে অনেক সমস্যা নিয়ে আলোচনা করা হয়। কিন্ত উক্ত সমস্যার শুধু আলোচনা করা হয় কিন্ত কাজের বাস্তবায়ন হয় না। তিনি বলেন গত সভায় আলোচনা করা হয়েছিল ভবানীপুর ২ নং কবর স্থানে মানুষের দাফন করার মত কোন জায়গা পাওয়া যায় না। অনেক কবর আছে যে গুলি বছরের পর বছর ধরে বেড়া দিয়ে জায়গা দফল করে রাখছে। সেই সব অপসারন করার জন্য। কিন্ত উক্ত বিষয়ে কোন সমাধান করা হয় নাই। তিনি আরও বলেন তার ওয়ার্ডে ডেঙ্গু রোগের প্রদূভাব ব্যাপক ভাবে বৃদ্ধি পেয়েছে তাই তিনি অনুরোধ করেছিলেন মশার ওষধ ছিটানোর জন্য জন্য কিন্ত তার ওয়ার্ডে কোন ওষধ ছিটানো হয় নাই। নতুন বাজার র পরিষ্কার পরিচ্ছন্নতার কাজ জোরতার করার জন্য বিশেষ করে নতুন বাজার বাস টার্মিনালের পাশ দিয়ে ময়লা আর্বজনার স্তুপ পরে থাকে দিনের পর দিন কিন্ত দেখার মত কেউ নাই। তাই তিনি মেয়র মহোদয়কে অনুরোধ করেন। জরুরী ভিত্তিতে ব্যবস্থা গ্রনহ করার জন্য এই বলে সবার ধন্যবাদ দিয়ে তার বক্তব্য শেষ করেন। | পৌর পরিষদে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহন করা হবে। | স্যানিটারি ইন্সপেক্টর |

Parmanent commity

| ক্রঃ | আলোচ্য সুচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০৩ | তথ্য ও সংস্কৃতি বিষয়ে সমস্যবলী নিয়ে আলোচনা ও সুপারিশ গ্রহন।<br><br>তথ্য ও সংস্কৃতি বিষয়ে সমস্যবলী নিয়ে আলোচনা ও সুপারিশ গ্রহন। | (গ) জনাব সাইফুদ্দিন আহমেদ সুজন: সদস্য, তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর, ৩নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা। তিনি সভার সকল সদস্যকে স্বাগত জানিয়ে তার বক্তব্য শুরু করে বলেন যে, তিনি । অভিযোগ করে বলেন আমার ওয়ার্ডে মুক্তিযোদ্ধাদের একটি গনকবর বৃদ্ধভূমি রয়েয়ে সেখানে সংরক্ষনের কোন ব্যবস্থা গ্রহন করা হয় নাই। স্বাধিনতা দিবস ও বিজয় দিবসে আগের দিন কিছু জঙ্গল কাটা হয় তার পর সেখানে রাতের আধারে ফূল দিয়ে মুক্তযোদ্ধাদের স্বরন করা হয়। উক্ত জায়গায় প্রবেশের মত কোন রাস্তা নাই। তাই তিনি বলেন গত সভায় দাবী করেছিলেন বুদ্ধভুমিটি সংস্কার করার জন্য যাহাতে মানুষ সেখানে সহজে যাতাযেত করতে পারে এবং ভবিষ্যত প্রজন্ম জানতে পারে পাকহানাদার বাহিনি ও রাজাকাররা আমাদের মুক্তিযোদ্ধাদের নির্মমভাবে হত্যা করে গন কবর দেওয়া হয়েছিল সেই সব ইতিহাস। তাই তিনি মেয়র মহোদয়কে পুনরায় অনুরোধ করেন জরুরী ভিত্তিতে ব্যবস্থা গ্রহন করার জন্য এই বলে সভায় উপস্থিত সকল সদস্যকে সভায় উপস্থিত থাকার জন্য ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য শেষ করেন।<br><br>(খ) জনাব ফারজানা আলম, সদস্য, তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর (সংরক্ষিত) ১,২ও ৩ নং ওয়ার্ড রাজবাড়ী পৌরসভা। তিনি বলেন তথ্য ও সংস্কৃতি বিষয়ক কমিটির সকল সদস্যদের স্বাগত জানিয়ে তিনি বলেন, রাজবাড়ী পৌরবাসীদের জন্য বিনোদনের জন্য কোন ব্যবস্থা নাই। মানুষ বিনোদনের জন্য গোদারবাজার নদীর ঘাটে বেড়াতে যায়। কিন্তু সেখানকার পরিবেশ খুবই খারাপ মানুষের বসার মত কোন জায়গা নাই যাতে মানুষ সেখানে সময় ব্যয় করতে পারে। তিনি বলেন পুনরায় মেয়র কাপ ক্রিকেট টুনামেন্ট আয়োজনের মাধ্যমে পৌরবাসীদের বিনোদনের জন্য মেয়র মহোদয়কে অনুরোধ করেছিলেন। তিনি মেয়র মহোদয়কে পুনরায় ধন্যবাদ জানান মেয়র কাপ ক্রিকেট টুর্নামেন্ট আযোজনের জন্য। যাতে শিশুরা মাদক ও মোবাইলে মধ্যে আসক্ত না থাকে খেলার মাঠে ফিরিয়ে আনা সম্ভব হয়। তিনি আরও বলেন তার ওয়ার্ডে ডেঙ্গু রোগের প্রদূভাব ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে তাই তিনি তার ওযার্ডে মশার ওষধ ছিটানোর জন্য বার বার অনুরোধ করা সর্তেও কোন কাজ হয় নাই। তাই তিনি মেয়র মহোদয়কে পুনরায় অনুরোধ করেন তার ওয়ার্ডে মশার ওষধ ছিটানোর জন্য এই বলে উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য শেষ করেন। | পৌর পরিষদে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহন করা হবে। | কঞ্জারভেন্সি ইন্সপেক্টর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (ঘ) জনাব মোঃ আলমগীর শেখ তিতু: সদস্য, তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি ও মেয়র, রাজবাড়ী পৌরসভা। তিনি সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানান। অদ্যকার সভায় সম্মানীত সদস্যদের স্বাগত জানিয়ে তার বক্তব্য শুরু করেন। আজকের সভায় যে সব বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে। বিশেষ করে ৩নং ওয়ার্ডে কাউন্সিলর অভিযোগ করে বলেন তার ওয়ার্ডে বদ্ধভূমি রয়েছে উক্ত বদ্ধভূমি রক্ষনাবেক্ষনে জন্য অনুরোধ করেন। তিনি বলেন বিষয়টি খুবই গুরুত্বপূর্ন তাই তিনি বলেন উক্ত সমস্যার সমাধান করা হবে। তিনি আরও বলেন আরাক জন কাউন্সিলরের অনুরোধ সাপেক্ষ্যে বলেন মেয়য় কাপ ক্রিকেট টুনামেন্ট নিয়মিত আয়োজন করা হবে। তিনি বলেন এ বিষয়ে পৌর পরিষধে আলোচনা করে সিদ্ধন্ত গ্রহন করা হবে। তিনি আরও বলেন ভবানীপুর কবর স্থানে কবর দেওয়ার মত জায়গা পাওয়া যায় না। অনেকে বৎসরের পর বৎসর মানুষ কবরের জায়গা দফল করে রাখছে। মানুষ কবর দেওয়া জায়গা পায়না। তিনি বলেন এ বিষয়ে পৌর পরিষধে আলোচনা করে সিদ্ধন্ত নেওয়া হবে। তিনি পুনারায় বলেন তথ্য ও সংস্কৃতি বিষয়ে রাজবাড়ী পৌরসভার অনেক ঐতিহ্য রয়েছে । সেগুলি সংরক্ষের জন্য পৌরসভার মাধ্যমে ব্যবস্থা গ্রহন করা হবে। পরিশেষে সভার উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য শেষ করেন। | পৌর পরিষদে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহন করা হবে। | কঞ্জারভেন্সি ইন্সপেক্টর |

পরিশেষে সভাপতি মহোদয় বলেন যে, আজকের সভায় যে সব বিষয়গুলি নিয়ে আলোচনা করা হয়েছে সেগুলি বিষয়ে মেয়র মহোদয় এর সাথে আলোচনা করে ব্যবস্থা গ্রহন করা হবে। এই বলে তিনি তার বক্তব্য শেষ করেন

এতঃপর আর কোন আলোচনা না থাকায় সভার কার্যক্রম সমাপ্তি ঘোষনা করেন।

( আ: রব বিশ্বাস)
সভাপতি
তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০১ নং ওয়ার্ড,
রাজবাড়ী পৌরসভা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যাথে ঃ

১। জনাব.............................................
তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি, রাজবাড়ী পৌরসভা

( আ: রব বিশ্বাস)
সভাপতি
তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০১ নং ওয়ার্ড,
রাজবাড়ী পৌরসভা।